



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের সমাজকর্ম সমিতির উদ্যোগে ২ আগস্ট, ২০১৭ (বুধবার) 'চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতা র্যালি' অনুষ্ঠিত হয়। র্যালিতে নেতৃত্ব দেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

র্যালিটি সামাজিকবিজ্ঞান ভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ এবং ক্যাম্পাস সংলগ্ন বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এতে সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আবুল হোসেনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশ নেয়। র্যালিতে অংশগ্রহণকারীরা এসময় চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগ প্রতিরোধে করণীয় বিভিন্ন প্ল্যাকার্ড বহন করে।